দৈনিক ইত্তেফাক

তারিখ ০ 04 SEP 2007
পৃষ্ঠা ৭ কলাম ৬

(৫) Report

# পাবলিক বিশ্ববিদ্যালয় বন্ধের সরকারি নির্দেশ তুলে নেয়া হয়েছে

## খুলে দেয়ার সিদ্ধান্ত নেবে সিন্ডিকেট

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

পাবলিক বিশ্ববিদ্যালয়গুলো বন্ধের সরকারি নির্দেশ তুলে নেয়া হয়েছে। তবে পরিস্থিতি পর্যালোচনা করে বিশ্ববিদ্যালয় খোলার তারিখ নির্ধারণ করবে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট। এছাড়া সরকারি বিশ্ববিদ্যালয় কলেজ ও কলেজ খোলার ব্যাপারে আগামী দু/একদিনের মধ্যেই শিক্ষা মন্ত্রণালয় সিদ্ধান্ত জানাবে। সোমবার শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে শিক্ষা উপদেষ্টা আইয়ুব কাদরীর সঙ্গে ২৬টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের সভায় এ নিয়ে আলোচনা হয়। বৈঠকশেষে শিক্ষা উপদেষ্টা সাংবাদিকদের জানান, বিশ্ববিদ্যালয়গুলোর অভ্যন্তরীণ পরিস্থিতি বিবেচনা করে সেগুলো খোলার ব্যাপারে উপাচার্যদের বলা হয়েছে। এজন্য মন্ত্রণালয়ের পক্ষ থেকে প্রয়োজনীয় নির্দেশনা পাঠানো হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপচার্য ড. এসএমএ ফায়েজ বলেন, সিন্ডিকেটে আলোচনা করে অচিরেই ঢাকা বিশ্ববিদ্যালয় খুলে দেয়া হবে। এদিকে সোমবার দুপুরে (৪র্থ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## পাবলিক বিশ্ববিদ্যালয়

(প্রথম পৃঃ পর)

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নেতৃবৃন্দ ভিসির সঙ্গে সাক্ষাৎ শেষে সাংবাদিকদের বলেন, দুই শিক্ষককে জেলে রেখে আমাদের ক্লাসে যাওয়া ঠিক হবে না। অবিলম্বে তারা আটক শিক্ষকদের মুক্তির দাবি জানান।